

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব উন্নয়ন অধিদপ্তর

গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

## অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থবছরে অত্র গোমস্তাপুর উপজেলার বেকার যুব পুরুষ/ যুব নারীদের ১৪ (চৌদ্দ) টি ব্যাচে (প্রতি ব্যাচ এ ৩০ জন) ০৭ (সাত) দিন মেয়াদী স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন ট্রেডে (হাঁস-মুরগী পালন / গবাদিপশু পালন/ গাভী পালন/ গরু মোটাজাকরণ/ প্রাথমিক চিকিৎসা/ মৎস্য চাষ/সেলাই/নকশী কাঁথা ইত্যাদি) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী যুবক/ যুব নারীদের নিম্ন বর্ণিত শর্তাবলী অনুসরণ পূর্বক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ বরাবর নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ

- ১। প্রশিক্ষার্থীর বয়স ১৮ হতে ৩৫ বছর হতে হবে।
- ২। প্রশিক্ষার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ৫ম শ্রেণী পাশ হতে হবে।
- ৩। প্রশিক্ষার্থীকে গোমস্তাপুর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৪। প্রশিক্ষার্থীকে বেকার যুবক/ যুব নারী হতে হবে এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে প্রকল্প বাস্তবায়ন তথা আত্মকর্মী হওয়ার জন্য প্রত্যয়ী হতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, প্রশিক্ষণ সংক্রান্ত অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ৬। উল্লেখ্য প্রত্যেক প্রশিক্ষার্থীগণ ৭ দিন মেয়াদী (৬ কর্মদিবস) প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ১০০/- (একশত) টাকা হারে ৬ দিনের জন্য ৬০০/- (ছয়শত) টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।
- ৭। প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষার্থীকে সাটিফিকেট প্রদান করা হবে।

মোঃ পারভেজ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।